

2022

BENGALI

(Honours)

Paper Code : VIII - A & B

(New Syllabus)

Full Marks : 100

Time : Four Hours

Paper Code : VIII - A

(Marks : 20)

Choose the correct answer.

Each question carries 1 Mark.

1. 'কুমারসম্ভব' কোন শ্রেণির কাব্য?
 - (A) মহাকাব্য
 - (B) গীতিকাব্য
 - (C) আখ্যান কাব্য
 - (D) পালাকাব্য
2. ঋতুসংহার কাব্যটিতে কোন ঋতু বধু রূপে কল্পিত?
 - (A) শরৎ
 - (B) হেমন্ত
 - (C) শীত
 - (D) বসন্ত
3. ভবভূতির আসল নাম কী?
 - (A) নীলকণ্ঠ
 - (B) শ্রীকণ্ঠ
 - (C) ভবভূতি কবিরাজ
 - (D) ভট্টগোপাল
4. 'গীত গোবিন্দ' কোন্ শ্রেণির গ্রন্থ?
 - (A) গীতিনাট্য
 - (B) গীতিকাব্য
 - (C) নাট্যকাব্য
 - (D) নাট-গীতি

5. 'ভেক্টিগড়ের বউ' গল্পের কথক কার সাথে শঙ্করপুরা গিয়েছিলেন?
- (A) কাকার সাথে
(B) দাদার সাথে
(C) পুরোহিতের সাথে
(D) বউয়ের সাথে
6. 'দাদি আন্মা' গল্পটির লেখক হলেন —
- (A) সুমিত্রানন্দন পসু
(B) ভেক্টিশ আয়েঙ্গার
(C) শান্তারাম
(D) কৃষ্ণ সোবাতি
7. জ্যোতিষীর ব্যাগের মধ্যে ছিল —
- (A) আঁকিবুকি কাটা কাপড়ের টুকরো
(B) নোটবই ও তালপাতার পুতি
(C) ডজন খানেক কড়ি
(D) উপরের সবগুলি
8. 'মেঁহেবা বিয়ের কতবছর পর্যন্ত মা হতে পারে নি?
- (A) দু'বছর
(B) ছ'বছর
(C) চার'বছর
(D) দশ'বছর
9. ভারতেন্দু হরিশ্চন্দ্রে অনুদিত এবং স্বরচিত নাটকের সংখ্যা —
- (A) ১৮ টি
(B) ১৯ টি
(C) ২১ টি
(D) ২৯ টি
10. 'গোদান' উপন্যাসটি কার লেখা?
- (A) মুঙ্গী প্রেমচন্দ
(B) সুমিত্রানন্দন পসু
(C) যশবন্ত কাউর
(D) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

11. কাকে হিন্দি সাহিত্যে 'কলম কা সিপাহী' বলা হত?
- (A) প্রেমচন্দ
(B) ভারতেন্দু হরিশ্চন্দ্র
(C) মহাদেবী বর্মা
(D) বাবা নাগার্জুন
12. কাব্য নির্মাণের কৌশলের কয়টি ভাগ?
- (A) ২টি
(B) ৩টি
(C) ৪টি
(D) ৫টি
13. কাব্য সম্পর্কে 'Poetry is indeed something divine' — সোচ্চার কণ্ঠে ঘোষণা করলেন —
- (A) শেলী
(B) কিটস্
(C) কোলরিজ
(D) বায়রন
14. অলংকার শাস্ত্রের প্রথম প্রবক্তা হলেন —
- (A) আচার্য ভামহ
(B) আচার্য দণ্ডী
(C) আচার্য ভরত
(D) আচার্য কুণ্ডক
15. স্থায়ীভাব বিস্ময় থেকেই যে রসের জন্ম —
- (A) অদ্ভুত রস
(B) শান্তরস
(C) বীভৎস রস
(D) করুণ রস
16. সাহিত্যের প্রধান উপকরণ কী?
- (A) চিত্র ও সঙ্গীত
(B) সঙ্গীত ও চিত্র
(C) ভাবের বিষয়
(D) সংযম

17. সাহিত্যের উদ্দেশ্য কী?

- (A) দুঃখ দান
- (B) আনন্দ দান
- (C) সুখ দান
- (D) অনুভূতি দান

18. বাহিরের জগৎ আমাদের মনের মধ্যে প্রবেশ করিয়া আর একটা জগৎ হইয়া উঠিতেছে — কোন প্রবন্ধ থেকে নেওয়া?

- (A) সাহিত্যের তাৎপর্য
- (B) সাহিত্যের সামগ্রী
- (C) সৌন্দর্যবোধ
- (D) কাব্যঃ স্পষ্ট ও অস্পষ্ট

19. 'সাহিত্যের সামগ্রী' প্রবন্ধটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

- (A) বঙ্গদর্শন
- (B) দিগদর্শন
- (C) ভারতী
- (D) বালক

20. 'মেঘদূত কাব্যটির শ্লোক সংখ্যা কত?

- (A) ১০৭
- (B) ১০৮
- (C) ১০৯
- (D) ১১০

Paper Code : VIII - B

(Marks : 80)

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

- ১। (ক) ভবভূতির 'মালতীমাধব' নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত? দুটি নাটক অবলম্বনে ভবভূতির নাট্যকৃতির পরিচয় দাও। ১০

অথবা

শূদ্রক মানুষের বাস্তব জীবন ও চারিত্রিক বৈশিষ্ট্য অবলম্বনে যে নাটক লিখেছেন তা সংস্কৃত নাট্য সাহিত্যে অভিনব সৃষ্টি — আলোচনা করো। ১০

- (খ) মহাকবি গ্যেটে কালিদাসের 'অভিজ্ঞান শকুন্তলম্' নাটককে স্বর্গ ও মর্ত্যের মিলনকেন্দ্র বলেছেন। এই মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

অথবা

জয়দেবের 'গীতগোবিন্দম্' কাব্যের অভিনবত্ব নিরূপণ করো। ১০

- ২। 'জ্যোতিষীর জীবনে একটি দিন' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো। ১০

অথবা

'দাদী আন্না' গল্পে মেহেরা চরিত্রটি বিশ্লেষণ করে গল্পে তার প্রাসঙ্গিকতার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

- ৩। 'মাসখানেক আগে যথারীতি ওর সঙ্গে রাস্তায় দেখা। 'ও' কে? কার সঙ্গে ওর দেখা হয়? রাস্তায় দেখা ব্যক্তিটির চরিত্র বিশ্লেষণ করো। ১+১+৩=৫

অথবা

'তিনি রীতিমতো হৈ চৈ শুরু করেছিলেন।' — কে, কেনই বা হৈ চৈ শুরু করেছিলেন? হৈ চৈ করা ব্যক্তির পরিচয় দাও। ১+১+৩=৫

- ৪। সুমিত্রানন্দন পঞ্চ-এর কবিতার বৈশিষ্ট্যগুলি আলোচনা করে হিন্দি কাব্যসাহিত্যে তাঁর স্থান নির্ণয় করো। ১০

অথবা

হিন্দি উপন্যাস সাহিত্যে প্রেমচন্দের ভূমিকা ও গুরুত্ব আলোচনা করো। ১০

- ৫। ধ্বনির শ্রেণি বিভাগ করো। প্রত্যেক শ্রেণির দৃষ্টান্ত দাও। কোন্ শ্রেণির ধ্বনিকে শ্রেষ্ঠ কাব্যের লক্ষণ বলে মনে করা হয়, তা লেখো। ২+২+৬=১০

অথবা

'কাব্য নির্মাণের কৌশলের তিনভাগ — বিভাব, অনুভাব ও সঞ্চরীভাব' — ভাবযোগে রস নিষ্পত্তির কারণ ব্যাখ্যা করো। ১০

- ৬। "ভাবকে নিজের করিয়া সকলের করা ইহাই সাহিত্য, ইহাই ললিতকলা।" — উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

অথবা

সৌন্দর্য যেমন আমাদের কাছে ক্রমে ক্রমে শোভনতার দিকে সংযমের দিকে আকর্ষণ করিতেছে, সংযমও তেমনি আমাদের ভোগের গভীরতাকে বাড়াইয়া দিতেছে — আলোচনা করো। ১০

৭। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ১৫

(ক) মঙ্গল কাব্যে পুরুষচরিত্র

(খ) কবি ভারতচন্দ্র

(গ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ছোটো গল্প

(ঘ) উত্তরবঙ্গের লোকসংস্কৃতি

(ঙ) বাংলা একাঙ্ক নাটক

(চ) একালের বাংলা কবিতার প্রকরণ ও প্রবণতা

(ছ) স্বাধীনতা-উত্তর বাংলা উপন্যাসে সমাজ বাস্তবতা
